

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৫২

আগরতলা, ০৪ মার্চ, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা
ত্রিপুরায় সাহিত্য ও নাট্যচর্চা শীর্ষক আলোচনাচক্র

৪২ তম আগরতলা বইমেলার গতকাল ছিল দ্বাদশতম দিন। হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনের কবিতা মঞ্চে গতকাল কক্ষবরক কবি সন্মেলন অনুষ্ঠিত হয়। এতে মোট ৪৭ জন কক্ষবরক কবি স্বরচিত কবিতা পাঠ করেন। সঞ্চালন করেন বিশিষ্ট কবি সাচলাং ত্রিপুরা। এই মঞ্চে ত্রিপুরায় সাহিত্য ও নাট্যচর্চা ‘শীর্ষক আলোচনাচক্র’ অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে বিশিষ্ট নাট্যকার ও লেখক নরেন্দ্র দেববর্মা, বিশিষ্ট নাট্যকার ও নির্দেশক পার্থ মজুমদার, বিশিষ্ট নাট্যকার ও নির্দেশক পার্থ প্রতিম আচার্য এবং রামঠাকুর মহাবিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. সুরজিং সেন আলোচনা করেন। এছাড়া বইমেলার হিমাংশু চৌধুরী স্মৃতি সাংস্কৃতিক মঞ্চে ধলাই জেলার জনজাতি শিল্পীগণ জুম নৃত্য, সাংগ্রাহিত্য ও একক সংগীত পরিবেশন করেন। আগরতলা শিল্পীগণ শাস্ত্রীয় সংগীত ও পঞ্চকবি গান পরিবেশন করেন। সঞ্চালনা করেন শিল্পী প্রসেনজিৎ ভট্টাচার্য।

এদিকে ৪২তম আগরতলা বইমেলার কবিতা মঞ্চে গতকাল দু'টি বই প্রকাশ করা হয়। বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী সুবল ভৌমিক, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, বিশিষ্ট লেখক সজল আচার্য, বিশিষ্ট লেখক শংকর প্রসাদ সরকার এবং স্নোত প্রকাশনার সম্পাদক গোবিন্দ ধর।
